website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৫

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি ২০২১
১১ ফাল্গুন ১৪২৭

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**COVID-19-এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীদের বেতন ভাতা প্রদানের লক্ষ্যে প্রদত্ত ঋণ পরিশোধের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে ০২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭ এবং এতদ্সংশ্লিষ্ট নির্দেশনাসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের এপ্রিল/২০২০ হতে জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের লক্ষ্যে সরকার ঘোষিত ৫ হাজার কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজ এবং শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঘোষিত প্রণোদনা প্যাকেজ হতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ প্রদান করা হয়। উক্ত প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণসমূহের বিপরীতে জানুয়ারি/২০২১ মাসের মধ্যে প্রথম কিস্তি পরিশোধের তারিখ নির্ধারিত ছিল।

৩। এক্ষণে, উক্ত ঋণগ্রহীতাগণ কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে কিস্তি পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালন নিশ্চিত করতে হবেঃ

ক) ঋণগ্রহীতাগণ মার্চ/২০২১ হতে আরও ৬ মাস গ্রেস পিরিয়ড প্রাপ্য হবেন;

খ) উক্ত গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর অবশিষ্ট অর্থ ১৮টি সমান মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

৪। এতদ্ব্যতীত সংশ্লিষ্ট বিষয়ে ইতঃপূর্বে প্রদত্ত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২